



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৫/০২/২০২২খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) এর পৃথক অভিযানে ৩২ (বত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ  
০৪ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার



গত ১৪/০২/২০২২ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) এর উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের সার্বিক নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিচালনায় রংপুর মহানগরী এলাকায় পৃথক ০২ টি অভিযান পরিচালনা করে ৩২ (বত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ০৪ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

ঘটনা-১ : গোপন সংবাদের ভিত্তিতে ১৭.৪০ ঘটিকায় গোয়েন্দা বিভাগ (ডিবি) এর পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম, এসআই (নিঃ) তছলিম উদ্দিন আহমেদ, এসআই (নিঃ) শ্রী সবিন চন্দ্র মাহাতো এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর কোতয়ালী থানাধীন ৩০ নং ওয়ার্ডস্থ পশ্চিম খাসবাগ জনৈক মোঃ আলিফ হোসেন এর বসতবাড়ীর মূল প্রবেশপথের সামনে অভিযান পরিচালনা করে নেশাজাতীয় মাদকদ্রব্য ১২ (বার) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী ০১। মোঃ নাইম ইসলাম @ লিংকন (২৭), পিতা- মৃত নুর মোহাম্মদ, মাতা- মোছাঃ লাকী বেগম, সাং- পূর্ব কামালকাছনা বোতলাপাড়া (মসজিদের পিছনে), ওয়ার্ড নং- ২৫, থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর, ২। মোঃ নুরুল্লাহ খান @ পিপল (৩৩), পিতা- মোঃ নুরুল হোসেন, মাতা- মোছাঃ হাজেরা বিবি, স্থায়ী সাং- কাসাইপাড়া, ইউপি- ফরকের হাট, থানা- রাজারহাট, জেলা- কুড়িগ্রাম, এ/পি সাং- পশ্চিম খাসবাগ (মোঃ আলিফ হোসেন (৩০), পিতা- মৃত নাছির হোসেন সরকার এর বাসার ভাড়াটিয়া), ওয়ার্ড নং- ৩০, থানা- কোতয়ালী, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়।

ঘটনা- ২ : গোপন সংবাদের ভিত্তিতে রাত্রি ২৩.৩৫ ঘটিকায় গোয়েন্দা বিভাগ (ডিবি) এর এসআই(নিঃ) মোঃ আবু ছাইয়ুম তালুকদার এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার এসআই(নিঃ) আই. এইচ. লাকু সরকার এবং সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর হারাগাছ থানাধীন ০৭নং ওয়ার্ডস্থ বেনুঘাট গ্রামে জনৈক মোঃ ফজু মিয়া, পিতা-মৃত আব্দুস সালামের বসতবাড়ীর সামনে চওড়ারহাট হতে হরিরামমল গামী চলাচলের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে ২০ (বিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ আসামী ০১। মোঃ শাবলু মিয়া (৪৫), পিতা- মৃত মকবুল হোসেন, মাতা- মৃত জমিলা খাতুন, সাং- হারাটি (উত্তর পাড়া), ওয়ার্ড নং- ০৪, থানা- পরশুরাম, ০২। মোঃ শামীম হোসেন (২৫), পিতা- মোঃ আনসার আলী, মাতা- মোছাঃ হাছনা বানু @ সেকেন বানু, সাং- বেনুঘাট (মিয়াজিপাড়া), থানা- হারাগাছ, উভয় রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি, রংপুর কোতয়ালী ও হারাগাছ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন- ২০১৮ এর অধীন পৃথক ০২ টি মামলা দায়ের করা হয়।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারনন-  
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

১৫.০২.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১